# স্নাতক (সাম্মানিক) পরীক্ষা ২০২৪

## সাম্মানিক বাংলা (CBCS)

## সেমেস্টার - ৫ কোর্স - CC-11

## নির্বাচিত বাংলা উপন্যাস

সময়- ৩ ঘণ্টা পূর্ণমান- ৬০

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত।

১০ সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও।

### একক - ১

১) 'কপালকুণ্ডলা' উপন্যাসে ইতিহাসের উপাদান প্রয়োগের কৌশলগত সার্থকতার বিষয়টি আলোচনা করো। ১৫

২) 'কপালকুণ্ডলা' উপন্যাসটি বাস্তব অনুষঙ্গী কল্পনার বয়ানে রচিত, কাল্পনিকতার অসামঞ্জস্য এর গতিকে নষ্ট করেনি।— আলোচনা করো। ১৫

৩) বিবাহ নামক সামাজিক প্রতিষ্ঠানের সঙ্গে বোঝাপড়া 'কপালকুণ্ডলা' উপন্যাসের অন্যতম বিষয়।— আলোচনা করো। ১৫

### একক - ২

৪) 'জেলেপাড়ার মাঝিদের কাছে মেজবাবু তার শ্রেণিদূরত্ব দূর করতে পারেননি, যেমন হোসেন পেরেছে। বোঝাই যায়, হোসেন চরিত্রের বিশিষ্টতা প্রমাণের জন্যই লেখক মেজবাবুর সঙ্গে তার তুলনা করেছেন। মেজকর্তা তো জমিদার ফিউডাল তন্ত্রের প্রতিনিধি। আর হোসেন তো নয়া উপনিবেশবাদ চালু করতে চলেছে।'— আলোচনা করো। ১৫

৫) 'পদ্মানদীর মাঝি যে-আদিম উপনিবেশে ব্যক্তি স্বার্থ-পরিপোষকতার জন্য বর্বর এক আদিম-কৃষকে রূপান্তরিত হল, তারই ইঙ্গিত দিয়ে পদ্মানদীর মাঝি-র লেখক কাহিনির উপসংহার ঘটিয়েছেন।'— তুমি কি এই মন্তব্য সমর্থন করো ? কেন ? ১+১৪=১৫

৬) 'পদ্মানদীর মাঝি' উপন্যাস অবলম্বনে কুবেরের প্রথম সমুদ্রযাত্রা ও ময়নাদ্বীপের বিস্ময়কর অভিজ্ঞতার পরিচয় দাও। প্রসঙ্গত এর গুরুত্ব নিরূপণ করো। ১০+৫=১৫

### একক - ৩

৭) শুধু এক জীবন থেকে আর এক জীবনের দিকে নয়, বিরসা হেঁটেছিল মুণ্ডা জীবন থেকে এক বিদ্রোহী জীবনের দিকে।— এই বক্তব্যের পরিপ্রেক্ষিতে বিরসা চরিত্রটি বিশ্লেষণ করো। ১৫

৮) নোটবই-এ অমূল্যর আত্মোপলব্ধি গ্রন্থিত হয়ে যুগাতীত গুরুত্ব পেয়েছে।— আলোচনা করো। ১৫

৯) 'অরণ্যের অধিকার' উপন্যাসে মুণ্ডাবিদ্রোহে মেয়েদের ভূমিকা কীভাবে গুরুত্ব পেয়েছে দেখাও। ১৫

**১০) টীকা লেখো ( যে-কোনো তিনটি ) :** **৩ x ৫ = ১৫**

ক) সপ্তগ্রাম

খ) কাপালিক

গ) পীতম মাঝির বাড়িতে সংঘটিত সভা

ঘ) 'আমারে নিবা মাঝি লগে ?'

ঙ) উলগুলান

চ) পলুস প্রচারক

স্নাতক (সাম্মানিক) পরীক্ষা ২০২৪

সাম্মানিক বাংলা (CBCS)

সেমেস্টার : ৫ কোর্স : CC-12

(নির্বাচিত বাংলা ছোটোগল্প)

পূর্ণমান : ৬০

সময় : ৩ ঘণ্টা

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

১০ সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের দিতে হবে।

একক - ১

১। 'পোস্টমাস্টার' গল্পের প্রকৃতি ও পরিবেশ বর্ণনায় অত্যন্ত গুরুত্ব দিয়েছেন গল্পকার। গল্পে দুটি মানুষের মিলন ও বিচ্ছেদে এর কতখানি ভূমিকা আছে আলোচনা করো। ১৫

২। গ্রাম্য কৃষকবধূ চন্দরার সজীব মূর্তিকে যে মমতা দিয়ে গড়েছেন রবীন্দ্রনাথ, তা নিজের মতো করে লেখো। সমাজের কোন কোন বৈষম্যের ছবি 'শাস্তি' গল্পে আছে, তা দেখিয়ে দাও। ৮ + ৭ = ১৫

৩। 'অনধিকার প্রবেশ' গল্পের মুখ্য চরিত্রটির পরিচয় দাও। গল্পের শেষে তাঁর আচরণকে পূর্বাপর সংগতিহীন বলে তোমার মনে হয় কি? এ ব্যাপারে তোমার নিজস্ব মতামত দাও। ১০ + ৫ = ১৫

একক - ২

৪। 'প্রাগৈতিহাসিক' গল্পে ভিখুর জীবনের যে বিভিন্ন পর্যায় রয়েছে তা গল্পের পরিণামকে ক্রমান্বয়ে কীভাবে শিল্পসম্মত করে তুলেছে এ নিয়ে আলোচনা করো। ১৫

৫। 'উলট-পুরাণ' গল্পে প্রিন্স ভোম, চৈনিক পর্যটক ল্যাং প্যাং ও প্রিন্সের খানসামা কোবল্ট-এর যে প্রসঙ্গ রয়েছে তার বিবরণ দাও। সমগ্র গল্পের পরিপ্রেক্ষিতে এর তাৎপর্য বুঝিয়ে দাও। ৮+ ৭ = ১৫

৬। 'বেদিনী' গল্পে বিশেষ দুটি পশু-প্রতীকের ঋজু আলোকরশ্মি আদিম নারীর ঘৃণা ও আসক্তিকে অসামান্য মহিমায় উদ্ভাসিত করে তুলেছে। — আলোচনা করো। ১৫

একক - ৩

৭। 'গণনায়ক' গল্পে সতীনাথ ভাদুড়ীর সামাজিক ও রাজনৈতিক ভাবনা কীভাবে ব্যক্ত হয়েছে আলোচনা করো। ১৫

৮। 'অবতরণিকা' গল্পের সুব্রত চরিত্রটি সম্পর্কে তোমার নিজস্ব মতামত প্রদান করো। ১৫

৯। আশাপূর্ণা দেবীর 'ছিন্নমস্তা' গল্পের নামকরণের যথার্থতা যুক্তিসহ আলোচনা করো। ১৫

১০। টীকা লেখো (যে-কোনো তিনটি) : ৩X ৫= ১৫

ক) 'ত্যাগ' গল্পের সূচনা ও সমাপ্তিতে রাত্রিকালীন বিপরীত পটভূমির বিশেষত্ব

খ) 'ছুটি' গল্পের মামী

গ) 'একটা হাসি আছে — কান্নার চেয়ে নিদারুণ, কান্নার চেয়ে যেন বেশি হৃৎপিণ্ড-নেংড়ানো।'

ঘ) 'দি শি-ম্যান'

ঙ) ভৈরব চরিত্র

চ) সরোজিনী

স্নাতক ( সাম্মানিক) পরীক্ষা ২০২৪
বাংলা (CBCS)
সেমেস্টার: ৫ কোর্স: DSE ১
(জীবনী আত্মজীবনী ভ্রমণ ও পত্রসাহিত্য)

সময়:৩ ঘণ্টা

পূর্ণমান:৬০

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

১০ সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক এবং প্রতিটি একক থেকে **একটি** করে প্রশ্নের উত্তর দিতে হবে

একক ১

১। উনিশ শতকের জীবনী সাহিত্য ঔপনিবেশিক বাংলার ইতিহাসচর্চার নিদর্শন। এই মন্তব্যটি বিষয়ে আলোচনা করো। ১৫

২। প্রাথমিক পর্বের বাংলা আত্মজীবনীর ক্ষেত্রে ব্রাহ্ম নেতাদের অবদান বিশ্লেষণ করো। ১৫

৩। ব্যক্তিগত পত্র কী কী বৈশিষ্টের কারণে পত্রসাহিত্য হয়ে ওঠে দৃষ্টান্তসহ আলোচনা করো। ১৫

একক ২

৪। রামতনু লাহিড়ী কোন বছর কলকাতায় আসেন? সেই সময়ের কলকাতার প্রধান ব্যক্তিবর্গ হিসেবে লেখক কাদের চিহ্নিত করেছেন? তৎকালীন কলকাতার পরিপ্রেক্ষিতে তাঁদের মধ্যে থেকে যে- কোনো একজনের গুরুত্ব আলোচনা করো। ১+২+১২=১৫

৫। 'রামতনু লাহিড়ী ও তৎকালীন বঙ্গসমাজ' গ্রন্থের প্রাথমিক উপাদান-উপকরণের জন্য লেখক কোন কোন সূত্রের উপর নির্ভর করেছেন? জীবনীগ্রন্থ হিসেবে এই বই সার্থক কিনা আলোচনা করো। ৫+১০=১৫

৬। সজনীকান্ত দাসের 'আত্মস্মৃতি বাংলা ভাষায় লেখা জীবনস্মৃতিমূলক রচনাগুলির মধ্যে কেন বিশেষার্থে গুরুত্বপূর্ণ, আলোচনা করো। ১৫

একক ৩

৭। 'ছিন্নপত্রাবলী'র চিঠিতে রবীন্দ্রনাথ 'মিউজ'দের মধ্যে অনেকের প্রতি পক্ষপাতের কথা বলেছেন। আবার বলছেন 'কবিতা আমার বহুকালের প্রেয়সী' । এই দুই মন্তব্যের মধ্যে কোনো স্ববিরোধ আছে কিনা বিস্তারে আলোচনা করো। ১৫

৮। ইন্দিরা দেবীকে লেখা শিলাইদহ পর্বের চিঠিগুলি রবীন্দ্রনাথের নিজের কাছে কেন গুরুত্বপূর্ণ মনে হয়েছিল? প্রাসঙ্গিক চিঠিগুলিতে বিষয়টি কীভাবে আলোচিত হয়েছে ব্যাখ্যা করো। ১৫

৯। পারস্যের কাব্য ঐতিহ্যের প্রতি শ্রদ্ধা নিবেদন রবীন্দ্রনাথের 'পারস্য যাত্রী'র একটি মূল প্রসঙ্গ। পাঠ্য রচনা অবলম্বনে বিষয়টি আলোচনা করো। ১৫

১০। যে- কোনো তিনটি বিষয়ে টীকা লেখো : ৩×৫=১৫

ক) অবনীন্দ্রনাথের 'ঘরোয়া'

খ) বাংলা ভ্রমণসাহিত্যের ক্রমবিকাশ

গ)ইয়ং বেঙ্গল সম্পর্কে শিবনাথ শাস্ত্রীর অভিমত-

ঘ) 'শনিবারের চিঠি'

ঙ) 'ছিন্নপত্র' ,

চ) বেদুইনদের তাঁবুতে রবীন্দ্রনাথ

স্নাতক (সাম্মানিক) পরীক্ষা ২০২৪

বাংলা (CBCS)

সেমেস্টার:৫ কোর্স: DSE-2

(বাংলা শিশু কিশোর সাহিত্য)

সময়: ৩ ঘণ্টা

পূর্ণমান: ৬০

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লেখিত

১০ সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দিতে হবে।

একক - ১

১। উনিশ শতক থেকে বিশ শতকে বাংলা শিশু-কিশোর সাহিত্য রচনার অভিমুখের কী পরিবর্তন তুমি লক্ষ করো। এই বিষয়টিকে সামনে রেখে বিশ শতকের প্রথম তিনটি দশকের বাংলা শিশু-কিশোর সাহিত্য চর্চার ধারাটি আলোচনা করো। ৭+৮=১৫

২। বিদ্যাসাগর বাংলা শিশু-কিশোর সাহিত্য রচনার একটি মানদণ্ড তৈরি করেছিলেন, সেই মানদণ্ডটি বিদ্যাসাগর পরবর্তী সময়ে কতটা অপরিবর্তিত বা পরিবর্তিত হয়েছিল সে সম্পর্কে তোমার মতামত দাও। ১৫

৩। 'সখা' পত্রিকা কে কোন সালে প্রকাশ করেন? পত্রিকাটি কতদিন স্থায়ী হয়েছিল? বাংলা শিশুসাহিত্যের বিকাশে এই পত্রিকার গুরুত্ব আলোচনা কারো। ২+১+১২=১৫

একক - ২

৪। "সত্যজিৎ রায়ের 'ভূতো' গল্পটিতে লেখক অলৌকিককে প্রশ্রয় দিয়েছেন। এই প্রশ্রয় শুধু পাঠকের মনোরঞ্জনজনিত নয় বলেই মনে হয়। সম্ভবত এর মূল নিহিত রয়েছে জাগতিক রহস্যের প্রতি লেখকের দৃষ্টিভঙ্গির মধ্যে।" 'ভূতো' গল্পটি স্মরণে রেখে মন্তব্যটির তাৎপর্য ব্যাখ্যা করো। ১৫

৫। 'হাতির সঙ্গে হাতাহাতি' গল্পে হাসির উপাদানগুলি কীভাবে ছড়ানো আছে, তা উপযুক্ত উদাহরণসহ বিশ্লেষণ করো। ১৫

৬। বুদ্ধদেব বসু তাঁর 'নদী-স্বপ্ন' কবিতায় শিশুমনের কল্পনাকে যেভাবে রূপায়িত করেছেন, তার পরিচয় দাও। 'আকাশের মুখে তিল' - এই প্রয়োগটির সার্থকতা দেখাও। ১৫

একক - ৩

৭। "লীলা মজুমদারের গল্পগুলি জুড়ে রয়েছে বড়োদের আর ছোটোদের সম্পর্কের টানাপড়েনের গভীর বয়ন।" – 'টংলিং' উপন্যাস অবলম্বনে মন্তব্যটি আলোচনা করো। ১৫

৮। 'টংলিং' যেন একটি দুঃখী বালকের কল্পনার মায়াজাল বুনে আত্মরক্ষার আখ্যান। - আলোচনা করো। ১৫

৯। "আমার বড়ো বন্ধুদের দরকার।" – প্রসঙ্গ নির্দেশ করে উদ্ধৃতিটির তাৎপর্য বিশ্লেষণ কারো। ১৫

১০। টীকা লেখো (যে-কোনো তিনটি): ৩X৫=১৫

ক) স্কুলবুক সোসাইটি প্রকাশিত শিশুসাহিত্য খ) 'ফুলের গন্ধে ঘুম আসে না, তাইতে জেগে রই' গ) ব্যাখ্যাসহ 'রাক্ষুসে পাথর' গল্পের শ্রেণি ঘ) বিশের দেশ ঙ) কালো মাস্টার চ) উপেন্দ্রকিশোর ও 'সন্দেশ'